

ই-মেইলে প্রাপ্ত

৬০২৯
৩০/৮/১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

আদেশ

প্রাপ্তি নং	তারিখ
<input type="checkbox"/> পরিচালক	কঃ হঃ/হাঃ
<input type="checkbox"/> উপ-পরিচালক	
<input type="checkbox"/> সহকারী পরিচালক	

শিক্ষা মন্ত্রণালয়ের গত ০১মার্চ ২০১৫ তারিখে ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬২.১২.১৪৪ নং স্মারকে জারিকৃত পরিপত্রের দ্বিতীয় অনুচ্ছেদে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়ঃ-

০১. পাবলিক পরীক্ষার পূর্বে যথাযথ গুরুত্বের সাথে নির্বাচনী পরীক্ষার আয়োজন করে নির্বাচনী পরীক্ষার অংশগ্রহণ করে অন্তিম ৭০% ক্লাসে উপস্থিতি ছিল এমন শিক্ষার্থীদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে সকল বিদ্যালয়, মহাবিদ্যালয়, কারিগরি বিদ্যালয় ও মাদ্রাসা প্রধানগণকে নির্দেশনা দেয়া হলো।"

এ নির্দেশনা সম্বলিত পরিপত্রটি জারির পর শিক্ষক-অভিভাবক, শিক্ষার্থী, শিক্ষাবিদ এবং সুশীল সমাজের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়। নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ শিক্ষার্থীদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগের নেতিবাচক প্রতিক্রিয়ার বিষয়টি বিবেচনায় নেয়া হয়েছে। বিভিন্ন বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসা থেকে সংশ্লিষ্ট নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া সত্ত্বেও অযোগ্য অনিয়মিত ছাত্র/ছাত্রীকে পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রেরণ করা মোটেই কাম্য নয়। যোগ্যতাবিহীন অনুত্তীর্ণ শিক্ষার্থীকে পাবলিক পরীক্ষায় প্রেরণ করা হলে নিয়মিত ও মেধাবী শিক্ষার্থীদের উপর এর বিরূপ প্রভাব পড়বে। এ কারণে পাবলিক পরীক্ষার পূর্বে নির্বাচনী পরীক্ষার আয়োজন একটি প্রচলিত ধারা। এ ধারায় শিক্ষার্থীরা চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য লেখা পড়ায় অধিকতর মনোযোগী হয়ে নিজেদের প্রস্তুত করে থাকে।

০২। শুধুমাত্র ৭০% ক্লাসে হাজিরার ভিত্তিতে নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ শিক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলে পরীক্ষার্থীদের লেখাপড়ায় মনোযোগ নষ্ট হবে এবং পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়ার গুরুত্ব হ্রাস পাওয়ার আশঙ্কা থেকে যাবে। এতে পাবলিক পরীক্ষার ফলাফলের উপর নেতিবাচক প্রভাব পড়তে পারে।

০৩। তবে অসুস্থতা, দুর্ঘটনা, প্রাকৃতিক দুর্যোগ প্রভৃতি কারণে কোন শিক্ষার্থী নির্বাচনী পরীক্ষা দিতে অসমর্থ হলে তার একাডেমিক পূর্ব রেকর্ড ও ক্লাস কার্যক্রমের ভিত্তিতে প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট শিক্ষক কর্তৃক বিবেচনার প্রচলন রয়েছে। এরূপ ক্ষেত্রে একজন মেধাবী শিক্ষার্থীর বিষয়টি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বিবেচনা করতে পারবে। কিন্তু নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ (ফেল করলে) শিক্ষার্থীকে শুধুমাত্র ৭০% উপস্থিতির কারণে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া সঠিক হবে না।

০৪। বর্ণিতাবস্থায়, গত ০১মার্চ ২০১৫ তারিখে ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬২.১২.১৪৪ নং স্মারকে জারিকৃত পরিপত্রটি এতদ্বারা নির্দেশক্রমে বাতিল করা হলো।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফোন ৪ ৯৫৫০৩৪১।

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬২.১২.৩৮১

তারিখ : ১৯ শ্রাবণ ১৪২২ বঙ্গাব্দ
০৩ আগস্ট ২০১৫

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/কারিগরি/মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর) বিভাগ।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক-২/বিশ্ববিদ্যালয়/ অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৮. জেলা প্রশাসক (সকল)(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নিবাহী অফিসারকে যোগাযোগের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-মাউশি/ওএম/৪৯-জিএ/২০১৫/ ৩৭ ৭৭৮/৪০০ -জিএ

তারিখ: ১২/০৮/২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। অধ্যক্ষ (সকল).....
- ৪। উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,.....অঞ্চল,.....
- ৫। জেলা শিক্ষা অফিসার (সকল), জেলা:.....
- ৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে আদেশটি প্রকাশের অনুরোধসহ)।
- ৭। প্রধান শিক্ষক (সকল),.....
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), উপজেলা:.....জেলা:.....
- ৯। প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ১০। সংরক্ষণ নথি।

(এ টি এমআল ফাউন্ডেশন)
সহকারী পরিচালক (সো: প্রঃ)
ফোন ৯৫৫৬৪৩২